মৃত শাবকের দেহাংশের ভিসেরা পরীক্ষার কথা ভাবছে বন দপ্তর

শুভদীপ শর্মা ● লাটাগুড়ি

১৩ ফেব্রুয়ারি ঃ গরুমারার জঙ্গলে মৃত গন্ডারের দেহের অংশের নমুনা পাঠানো হতে পারে ভিসেরা পরীক্ষার জন্য। কোনো সংক্রমণে বা রোগের থেকে গন্ডারটির মৃত্যু হয়েছে কিনা, তা খতিয়ে দেখতেই এই সিদ্ধান্ত বলে বন দপ্তর সূত্রে খবর। এদিকে, গরুমারায় স্ত্রী ও পুরুষ গন্ডারের অনুপাত নিয়ে চিন্তিত বন দপ্তর। এই অনুপাত ঠিক না থাকায় সঙ্গিনী দখলের লড়াইয়ে গরুমারায় মৃত্যু হয়েছে ৫টি গন্ডারের। এই লড়াইয়ে হেরে গরুমারা ছেড়ে অন্য জঙ্গলে চলে যাবার মতো ঘটনাও ঘটছে হামেশাই। যা নিয়ে উদ্‌বিগ্ন বনকর্তারা। জলদাপাড়া, গরুমারার পর কোচবিহারের পাতলাখাওয়া এবং জলপাইগুড়ির রামশাইতে গন্ডারদের নতুন আবাসস্থল তৈরি হলে সমস্যা অনেকটাই মিটবে বলে দাবি বনমন্ত্রীর।

রবিবার গরুমারা জঙ্গলের ধূপঝোরা বিটের সাউথ ইনডং কম্পার্টমেন্টে উদ্ধার হওয়া গন্ডার শাবকের মৃত্যুর কারণ নিয়ে ধন্দে বন দপ্তরের কর্তারা। গন্ডারটির মৃত্যু অন্য কোনো গন্ডারের আক্রমণে হয়েছে নাকি কোনো অসুখ অথবা সংক্রমণ থেকে হয়েছে তা স্পষ্ট নয় কর্তাদের কাছে। তাই মৃত্যুর প্রকৃত কারণ জানতে গন্ডারটির দেহের অংশের নমুনা জুয়োলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ায় ভিসেরা পরীক্ষার জন্য পাঠানো হতে পারে বলে বন দপ্তর সূত্রে খবর। জানা গিয়েছে, বছর আড়াইয়ের ওই স্ত্রী গন্ডারটির পচাগলা দেহ বনকর্তাদের পাশাপাশি অভিজ্ঞ পশুচিকিৎসকদের দিয়ে পরীক্ষা করা হয়। তাতেও জানা যায়নি গন্ডারটির মৃত্যুর প্রকৃত কারণ। গরুমারা বন্যপ্রাণী বিভাগের এডিএফও রাজু সরকার জানান, ময়নাতদন্তের রিপোর্টে মৃত্যুর কারণ বোঝা না গেলে গন্ডারটির দেহের অংশ ভিসেরা পরীক্ষার জন্য পাঠানো হয়। উল্লেখ্য, গত কয়েক বছর আগে গরুমারার জঙ্গলে একটি হাতির মৃতদেহ উদ্ধার হয়েছিল। ময়নাতদন্তের সময় ওই হাতিটির দেহের ভেতর থেকে মিলেছিল ‘বট মাছি’। ওই মাছি বন্যপ্রাণীদের ঘাস খাবার সময় ঘাসের মাধ্যমে তাদের শরীরে প্রবেশ করে এবং শরীরের ভেতর প্রবেশ করে ডিম পাড়ে। তা থেকে সংক্রমণ হয়ে মৃত্যু হয়েছিল হাতিটির। এই ধরনের ঘটনা কিংবা অন্য কোনো সংক্রমণেও এই গন্ডারটির মৃত্যু কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। কোনো আশঙ্কাকেই হালকাভাবে নিতে চাইছে না বনকর্তারা। এদিকে, গরুমারায় স্ত্রী–পুরুষ গন্ডারের অনুপাত নিয়ে চিন্তায় বন দপ্তরের কর্তারা। নিয়ম অনুসারে একটি পুরুষ গন্ডার পিছু কম করে দুটি স্ত্রী গন্ডার থাকা উচিত। কিন্তু গরুমারায় স্ত্রী ও পুরুষ গন্ডারের সংখ্যা প্রায় সমান সমান। সেই জন্য গরুমারায় দিনকে দিন বেড়ে চলেছে সঙ্গিনী দখলের লড়াই। এ যাবৎ এই ধরনের লড়াইয়ে গরুমারায় মৃত্যু হয়েছে পাঁচটি গন্ডারের। দুটি গন্ডার গরুমারা ছেড়ে প্রথমে বৈকুণ্ঠপুর ও পরে মহানন্দা জঙ্গলে আশ্রয় নেয়। এর মধ্যে একটি চোরাশিকারিদের নিশানায় পড়ে প্রাণ হারায়। অপর একটি গন্ডারের বর্তমান ঠিকানা বেঙ্গল সাফারি পার্ক। গন্ডারদের এই অনুপাত বর্তমানে মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে বন দপ্তরের কাছে। বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন জানান, গন্ডারের যা সংখ্যা তার জন্য গন্ডারের আরও আবাসস্থল প্রয়োজন। গরুমারা ও জলদাপাড়ার পর পাতলাখাওয়াতে একটি আবাসস্থল তৈরির কাজ শুরু হয়েছে। জলপাইগুড়ি জেলার রামশাইতে আরও একটি আবাসস্থল তৈরির অনুমোদনের জন্য সেন্ট্রাল জু অথরিটির কাছে চিঠি পাঠানো হয়েছে। অনুমোদন মিললে ওখানেও কাজ শুরু হবে। মন্ত্রী জানান, নতুন আবাসস্থলে গরুমারা ও জলদাপাড়া থেকে এনে গন্ডার ছাড়লে গরুমারা ও জলদাপাড়া থেকে গন্ডারের চাপ কিছুটা কমবে। এর ফলে নিজেদের মধ্যে লড়াইয়ের ঘটনাও রোখা সম্ভব হবে বলে দাবি করেছেন তিনি।

স্নিফার ডগ দিয়ে তল্লাশি চলছে জল্পেশে। ছবি ঃ অভিরূপ দে

জল্পেশে মেলার জন্য কড়া নিরাপত্তা

ময়নাগুড়ি, ১৩ ফেব্রুয়ারি ঃ মঙ্গলবার শিব ত্রয়োদশীর দিন থেকেই ভিড় জমল জল্পেশ মন্দিরে। বুধবার শিবরাত্রির দিন তাই ব্যাপক ভিড়ের আশা করছেন জল্পেশ মন্দির ট্রাস্টি বোর্ডের সদস্যরা। তাছাড়া শিবরাত্রি উপলক্ষ্যে বুধবার থেকে শুরু হচ্ছে জল্পেশ মেলা। জলপাইগুড়ি জেলাপরিষদ আয়োজিত সেই মেলার উদ্‌বোধন করবেন পর্যটনমন্ত্রী গৌতম দেব। মেলায় সমস্ত রকমের অশান্তি রুখতে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখে গিয়েছেন খোদ পুলিশ সুপার অমিতাভ মাইতি। এদিন সকাল থেকেই জল্পেশ মেলা এবং মন্দির প্রাঙ্গণে সারা জেলার বিভিন্ন থানা থেকে পুলিশ বাহিনী এসে পৌঁছেছে। এছাড়া বাইরের জেলা থেকেও বাড়তি বাহিনী আনা হয়েছে। এদিন জল্পেশ মন্দির প্রাঙ্গণ এবং জল্পেশ মেলা প্রাঙ্গণের নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন পুলিশ আধিকারিকরা। এছাড়া পুলিশ কুকুর এবং মেটাল ডিটেক্টর দিয়ে গোটা এলাকা তল্লাশি চালানো হয়। সেইসঙ্গে পুরো এলাকার নিরাপত্তা ব্যবস্থা কী হবে সে বিষয় নিয়ে এদিন দুপুরে জল্পেশ অতিথি নিবাসে জেলার বিভিন্ন থানার ওসি, আইসিদের নিয়ে বিশেষ বৈঠক হয়। সেই বৈঠকে জলপাইগুড়ির পুলিশ সুপার অমিতাভ মাইতি, অতিরিক্ত পুলিশ সুপার সহ অন্যরা উপস্থিত ছিলেন। নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে পঞ্চাশটিরও বেশি সিসি ক্যামেরা লাগানো হয়েছে। সেইসঙ্গে রাখা হয়েছে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। তাছাড়া একশোর বেশি সাদা পোশাকের পুলিশ মোতায়েন থাকছে। যে কোনো রকমের আপৎকালীন ব্যবস্থার জন্য মেলা প্রাঙ্গণে ধূপগুড়ি থেকে আনা হয়েছে একটি দমকলের ইঞ্জিন। মেলা চলাকালীন প্রতিদিন এই ইঞ্জিনটি জল্পেশে থাকবে। মেলা চলাকালীন কেউ অসুস্থ হয়ে পড়লে তাঁর তৎক্ষণাৎ চিকিৎসার ব্যবস্থার জন্য অস্থায়ী মেডিকেল ক্যাম্প করা হয়েছে। জল্পেশ মন্দির ট্রাস্টি বোর্ডের সম্পাদক গিরিন্দ্রনাথ দেব জানিয়েছেন, ত্রয়োদশীর দিন মূলত অবাঙালি সম্প্রদায়ের মানুষদের ভিড় বেশি হয়েছে। দার্জিলিং, সিকিম থেকেও প্রচুর মানুষ এসেছেন। বুধবার আরও বেশি ভিড় হবে। জলপাইগুড়ি জেলাপরিষদের সভাধিপতি নূরজাহান বেগম জানিয়েছেন, বুধবার বিকেল তিনটায় মেলার উদ্‌বোধন হবে। মেলার যাবতীয় প্রস্তুতি শেষ।

– সংবাদ নিউজ সার্ভিস

চিকিৎসায় গাফিলতিতে শিশুমৃত্যুর অভিযোগ মালদা মেডিকেলে

মালদা, ১৩ ফেব্রুয়ারি ঃ ফের চিকিৎসায় গাফিলতিতে শিশুমৃত্যুর অভিযোগ ঘিরে মঙ্গলবার উত্তাল হয়ে উঠল মালদা মেডিকেল কলেজ চত্বর। ৯ মাসের শিশুমৃত্যু নিয়ে হাসপাতাল সুপারের কাছ অভিযোগ জানানো হয়। যদিও লিখিত অভিযোগ করা হয়নি।

মৃতার নাম আনেষা খাতুন। ৯ মাস বয়সের ওই শিশুর বাবা আজিজুর রহমান পেশায় শ্রমিক, মা আকতারা বিবি নিতান্তই গৃহবধূ। তাঁদের বাড়ি পুরাতন মালদার মৌলপুরে। আনেষা ছিল ওই দম্পতির প্রথম সন্তান।

বাবা আজিজুর মঙ্গলবার মালদা মেডিকেল কলেজ চত্বরে দাঁড়িয়ে ঘটনার বিবরণ দিতে গিয়ে বলেন, গত রবিবার খেলতে খেলতে বাড়ির চৌকি থেকে পড়ে যায় আনেষা। তার মাথার পিছনের অংশ বেশ কিছুটা ফুলে যায়। পরদিন ওই শিশুটিকে মালদা মেডিকেল কলেজের আউটডোরে চিকিৎসার জন্য নিয়ে আসা হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকেরা জানান, আনেষার মাথায় রক্ত জমে গিয়েছে। আউটডোরেই দুইজন ওই শিশুর মাথার ফোলা অংশ চিরে রক্ত বের করে দেন। আজিজুর সন্দেহ প্রকাশ করে বলেন, ওই দুইজন চিকিৎসক কিনা সেই ব্যাপারে সংশয় রয়েছে। বাবার আরও অভিযোগ, এই কাজের জন্য দুইজন আজিজুরের কাছে ১০০ টাকার দাবি করেন। আজিজুর ১০০ টাকার বদলে ১৫০ টাকা দেন বলে দাবি। অভিযোগ, ওই দুইজন আনেষার মাথায় ব্যান্ডেজ করে দিলেও কোনো ওষুধ লাগাননি। দুদিন পর ফের আউটডোরে নিয়ে আসার পরামর্শ দেওয়া হয়।

আজিজুর রহমানের আরও অভিযোগ, মেয়েকে নিয়ে বাড়ি ফিরে আসার পরেই ফের রক্তক্ষরণ হতে শুরু করে। তাঁরা আনেষাকে মৌলপুর স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান সঙ্গে সঙ্গে। মৌলপুরের চিকিৎসকেরা আনেষাকে মেডিকেল কলেজে নিয়ে যাওয়ার পরামর্শ দেন। অভিযোগ, সোমবার মালদা মেডিকেল কলেজে আনেষাকে ভরতি করা হলেও চিকিৎসকেরা দীর্ঘক্ষণ ফেলে রাখেন চিকিৎসা না করেই। অবশেষে মঙ্গলবার সকালে মৃত্যুর মুখে ঢলে পড়ে আনেষা। এই ঘটনায় হাসপাতালের আউটডোরে চিকিৎসা বিভ্রাটের ঘটনাকেই দায়ী করেছেন মৃতের বাবা সহ জ্যাঠা রাজ্জাক আলি ও ঠাকুমা আজনুর বিবি। এই ঘটনায় তাঁরা মেডিকেল কলেজের সহকারী অধ্যক্ষ তথা সুপার অমিত দাঁর কাছে মৌখিক অভিযোগ জানিয়ে চিকিৎসকদের শাস্তির দাবি তোলেন।

এই অভিযোগ প্রসঙ্গে অমিত দাঁ বলেন, কোনো লিখিত অভিযোগ দায়ের হয়নি। অভিযোগের সত্যতা নিয়ে তিনি খোঁজ করার প্রতিশ্রুতি দেন। উলটে সুপারের অভিযোগ, প্রথমদিনই শিশুটিকে হাসপাতালে ভরতির কথা বলা হয়। কিন্তু অভিভাবকেরা তা করেননি। গতকাল ভরতির পরেও চিকিৎসা হয়েছে সময়মতো বলেও জানান সুপার।

–সংবাদ নিউজ সার্ভিস

বিনামূল্যে চশমা পেল চা বলয়ের ২৭ পড়ুয়া

বানারহাট, ১৩ ফেব্রুয়ারি ঃ স্কুল আই হেল্‌থ প্রোগ্রামের অন্তর্গত বিদ্যাজ্যোতি প্রকল্পের মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের চক্ষু পরীক্ষার কাজ করা হয়েছিল আগেই। মঙ্গলবার বানারহাট উচ্চবিদ্যালয়ের বাছাই করা ২৭ জন পড়ুয়ার হাতে বিনামূল্যে চশমা তুলে দিল জলপাইগুড়ির সিদ্ধি নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থা। মূলত, চা বাগান এলাকার বাসিন্দা দীপিকা ওরাওঁ, রোহিত নাইক, শিবাদিত্য সেন, মনোজ রায়, মহঃ নৌসাদ প্রমুখ ছাত্রছাত্রীরা বিনামূল্যে চশমা হাতে পেয়ে দারুণ খুশি।

বানারহাট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক সুকল্যাণ ভট্টাচার্য জানান, ‘এর আগে ওই স্বেচ্ছাসেবী সংস্থাটির পক্ষ থেকে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের চোখ পরীক্ষা করা হয়েছিল। শুধু তাই নয়, কীভাবে প্রাথমিক পর্যায়ে চোখ পরীক্ষা করতে হয় তা বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের একাংশকেও শিখিয়ে দিয়েছিল। স্বেচ্ছাসেবী সংস্থাটির সঙ্গে সঙ্গে ওই ছাত্রছাত্রীরাও বাকিদের প্রাথমিক পর্যায়ের চোখ পরীক্ষা করে একটি তালিকা প্রস্তুত করে। এরপর সংস্থাটির দ্বারা চূড়ান্ত পর্যায়ের পরীক্ষার পর ২৭ জনকে বেছে নেওয়া হয় চশমা দেওয়ার জন্য। সংস্থাটি ২৭ জনেরই চশমা তৈরি করে বিদ্যালয়ে পাঠিয়ে দেয়। মঙ্গলবার সেগুলি ছাত্রছাত্রীদের হাতে তুলে দেওয়া হয়েছে।’

দলীয় অনুষ্ঠানের পোস্টারে নাম নেই হামিদুলের

ইসলামপুর, ১৩ ফেব্রুয়ারি ঃ তৃণমূলের উত্তর দিনাজপুর জেলা সম্মেলনের পোস্টারে নাম নেই চোপড়ার বিধায়ক হামিদুল রহমানের। এই নাম না থাকা নিয়ে দলের অন্দরমহলে তীব্র কলহ শুরু হয়েছে। খোদ হামিদুল এই ঘটনার জন্য রীতিমতো ক্ষোভ প্রকাশ করেছেন। জেলা তৃণমূল নেতৃত্ব অবশ্য বিষয়টি ছাপার ভুল বলে জানিয়েছেন।

আগামী ১৬ ফেব্রুয়ারি চাকুলিয়ায় তৃণমূলের জেলা সম্মেলন ডাকা হয়েছে। সম্মেলনের প্রধান বক্তা পরিবহণমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাছাড়া পর্যটনমন্ত্রী গৌতম দেব, উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ, পঞ্চায়েত প্রতিমন্ত্রী গোলাম রব্বানিও উপস্থিত থাকবেন। পাশাপাশি ইসলামপুরের বিধায়ক কানাইয়ালাল আগরওয়াল, করণদিঘির বিধায়ক মনোদেব সিনহা, জেলাপরিষদের সভাধিপতি আলেমা নুরি এবং অমল আচার্যের নামও পোস্টারে রয়েছে। কিন্তু হামিদুলের নাম না থাকার বিষয়টিতে স্থানীয় রাজনীতিতে তাঁর অবস্থান নিয়েই প্রশ্ন তুলে দিয়েছে রাজনৈতিক মহলে। প্রসঙ্গত, হামিদুলের বিরুদ্ধে চাকরির টোপ দিয়ে সহবাসের অভিযোগ উঠেছে। সম্প্রতি সেই মামলার তদন্তভার সিআইডি–কে দিয়েছে উচ্চ আদালত। প্রশ্ন উঠছে, তাহলে কি দলের শীর্ষ নেতৃত্ব হামিদুলের সঙ্গে ব্যবধান বাড়াতে চাইছেন? তৃণমূলের জেলা সভাপতি অমলবাবু বলেন, এটা প্রিন্টিং মিসটেক। এদিকে, হামিদুলের বক্তব্য, প্রিন্টিং মিসটেক হতেই পারে। কিন্তু পোস্টারগুলি লাগানোর আগে নেতৃত্বের দেখা উচিত ছিল।

মৃত গৃহবধূর বাড়িতে বিধায়ক

করণদিঘি, ১৩ ফেব্রুয়ারি ঃ বিকোর গ্রামে অগ্নিদগ্ধ হয়ে মৃত বধূ সন্ধ্যা রায়ের বাড়িতে গেলেন স্থানীয় বিধায়ক মনোদেব সিংহ। তিনি ওই বধূর মা–বাবার সঙ্গে কথা বলেন। পরে তিনি জানিয়েছেন, সন্ধ্যা রায়কে মেরে ফেলার অভিযোগ উঠেছে। অত্যন্ত দরিদ্র এই পরিবারের দুটি শিশুসন্তান রয়েছে। পরিবারটির পাশে থাকার আশ্বাস দিয়েছেন বিধায়ক। গৃহবধূকে খুনের অভিযোগ উঠেছে সম্পর্কে তাঁর দেবর বিশাল রায়ের বিরুদ্ধে। গৃহবধূটিকে ঘরে ঢুকিয়ে গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দিয়েছিলেন বিশাল, জানিয়েছেন সন্ধ্যার পরিবার। করণদিঘি থানার আইসি পরিমল সাহা জানিয়েছেন, মৃতদেহের ময়নাতদন্ত করা হয়েছে। কোনো অভিযোগ দায়ের করা না হলেও বিষয়টি নিয়ে তদন্ত করছে পুলিশ।

অনুষ্ঠান শুরু

ধূপগুড়ি, ১৩ ফেব্রুয়ারি ঃ ধূপগুড়ি ব্লকের ২৯তম ব্লক ভাওয়াইয়া প্রতিযোগিতা ও লোকসংস্কৃতি অনুষ্ঠান শুরু হল মঙ্গলবার। এদিন কলিরহাট দেওয়ানচন্দ্র উচ্চবিদ্যালয়ের মাঠে জলপাইগুড়ির সাংসদ বিজয়চন্দ্র বর্মন অনুষ্ঠানের উদ্‌বোধন করেন। এদিন অনুষ্ঠান মঞ্চে ২৯টি মোমবাতি জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্‌বোধন করা হয়। উপস্থিত ছিলেন ধূপগুড়ির বিধায়ক মিতালি রায়, ধূপগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান রাজেশ সিং ও অন্যরা।

শেয়ার বাজার দর

১৩ ফেব্রুয়ারি ২০১৮ ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ বন্ধের সময় দর ছিল নিম্নরূপ ঃ–

শেয়ার বাজার সূচক

বিএসই সেনসেক্স ৩৪,৩০০.৪৭ ২৯৪.৭১ (+০.৮৭%)

নিফটি ১০,৫৩৯.৭৫ ৮৪.৮০ (+০.৮১%)

আদানি পোর্টস	৪০৩.৩৫
অম্বুজা সিমেন্টস	২৫৬.৯০
এশিয়ান পেইন্টস্	১,১৪৪.৪০
অরবিন্দ ফার্মা	৬০৭.৩০
অ্যাক্সিস ব্যাংক	৫৬৪.২০
বাজাজ অটো	৩,১৫৪.১০
বাজাজ ফাইনান্স	১,৬৪৩.৮০
ভারতী এয়ারটেল	৪২৪.৪০
ভারতী ইনফ্রাটেল	৩৩৮.২৫
বস্	১৯,৫৪৫.৮৫
বিপিসিএল	৪৬৭.৫৫
সিপলা	৬২১.৬৫
কোল ইন্ডিয়া	৩০০.৬৫
ডাঃ রেড্ডিজ ল্যাবস	২,২০৪.২৫
আইশার মোটরস	২৭,৯০১.৪০
গেইল	৪৬৫.০০
এইচসিএল টেক	৯৩৯.১৫
এইচডিএফসি	১,৮০৫.৪৫
এইচডিএফসি ব্যাংক	১,৮৭৬.৬৫
হিরো মোটোকর্প	৩,৬১১.৯০
হিন্দালকো	২৪৩.২৫
এইচপিসিএল	৩৯১.৪৫
হাল	১,৩৪৪.৪৫
আইসিআইসিআই ব্যাংক	৩২৬.২৫
ইন্ডিয়াবুলস হাউসিং	১,৩১৪.৮৫
ইন্ডাসইন্ড ব্যাংক	১,৬৮৭.৮০
ইনফোসিস	১,১০২.৮০
আইওসি	৩৭৯.০৫
আইটিসি	২৬৯.৮৫
কোটাক মাহিন্দ্রা	১,০৪২.৯৫
লারসেন	১,৩৫০.৫০
লুপিন	৮৪০.৪৫
এম অ্যান্ড এম	৭৪৬.০০
মারুতি সুজুকি	৯,১১৭.৮৫
এনটিপিসি	১৬৪.৯০
ওএনজিসি	১৯১.০০
পাওয়ার গ্রিড কর্পোরেশন	১৯৮.৫০
রিলায়েন্স	৯১৫.৫০
এসবিআই	২৮৮.৭৫
সান ফার্মা	৫৮৯.১৫
টাটা মোটরস	৩৭১.৮০
টাটা পাওয়ার	৮৬.৭৫
টাটা স্টিল	৭১৩.১০
টিসিএস	২,৯৬৭.৩০
টেক মহিন্দ্রা	৫৯০.৩৫
আলট্রাটেক সিমেন্ট	৪,২০০.৩০
ইউপিএল	৭২৬.৫০
বেদান্ত	৩১৫.৫৫
উইপ্রো	২৮৮.৯৫
ইয়েস ব্যাংক	৩৩৫.৪০
জি এন্টারটেইন	৫৮৪.৫০

GOVERNMENT OF INDIA, MINISTRY OF RAILWAYS
RAILWAY RECRUITMENT BOARDS

Advertisement for
CENTRALISED EMPLOYMENT NOTICE (CEN) No. 02/2018
(Recruitment for Various Posts in Level 1 of 7th CPC Pay Matrix)

Centralised Employment Notice (CEN) No. 02/2018 dt. 10.02.2018 for the posts in Level 1 of 7th CPC Pay Matrix in various units of Indian Railways has been published on the official websites of RRBs as mentioned below. The applications complete in all respect should be submitted by the candidates **ONLINE ONLY** to the RRB of their choice before **23.59 hrs. of 12.03.2018.**

Name of RRB	Website Address	Name of RRB	Website Address
Ahmedabad	www.rrbahmedabad.gov.in	Chennai	www.rrbchennai.gov.in
Ajmer	www.rrbajmer.gov.in	Gorakhpur	www.rrbgkp.gov.in
Allahabad	www.rrbald.nic.in	Guwahati	www.rrbguwahati.gov.in
Bangalore	www.rrbbnc.gov.in	Kolkata	www.rrbkolkata.gov.in
Bhopal	www.rrbbpl.nic.in	Mumbai	www.rrbmumbai.gov.in
Bhubaneswar	www.rrbbbs.gov.in	Patna	www.rrbpatna.gov.in
Bilaspur	www.rrbbilaspur.gov.in	Ranchi	www.rrbranchi.gov.in
Chandigarh	www.rrbcdg.gov.in	Secunderabad	www.rrbsecunderabad.nic.in

No. RRB/BNC/RT/Advt/05/2018
Date : 10.02.2018

Chairpersons
Railway Recruitment Boards

এমন বসন্ত দিনে...

গাধাটাকে
জল
দিন...



শিলিগুড়ি বাঘাযতীন পার্ক–এ
২৪ ফেব্রুয়ারি আমরা থাকছি
আপনি থাকছেন তো?

N I O S
কর্মরত প্রশিক্ষণহীন শিক্ষকদের জন্য প্রকাশিত হলো
LAST MINUTE SUGGESTION
501, 502, 503 একত্রে 160/-
সৃজনী // ৫২/১, সীতারাম ঘোষ স্ট্রীট, কলকাতা-৯
2219 2870 / 9932363272



The Planet, 2nd Mile, Sevoke Road, Near Cosmos Mall,
Opp. North City, Siliguri, Ph.: 0353-2544004
For further details on any of our 84 showrooms or to buy online log on to www.aucent.com / www.pcjeweller.com • Write to us at info@pcjeweller.com
Follow us on: facebook.com/PCJINDIA twitter.com/PCJeweller instagram.com/pc_jeweller | AUCENT
• Check your own jewellery purity on carat meter for FREE • Making Charges Starts from 7-8% • Showroom open on all 7 days
ICICI Bank Credit & Debit Cards | Get Additional 5% CASHBACK* | *Min. Purchase of Rs 25,000 & Max. Cashback of Rs 5,000
PAY USING Paytm | Min. trxn: ₹10,000; One trxn per user; *Flat Cashback ₹250; Validity: 10th-14th Feb. '18
*Conditions apply *Scheme is not Valid on Azva, Forevermark, Platinum & Gold / Silver Coins • Loyality points cannot be redeemed during Scheme Period / Promotion / Discount offer already running in the store